

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার তারিখ ও সময়ঃ ১৬/০৮/২০২২ খ্রিঃ বেলা- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ১৬/০৮/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন মহোদয়ের সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন। আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১। পরিবার পরিকল্পনা সেবাঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মাজেদুর রহমান জানান বিগত মাসে জামালপুর সদর উপজেলার মোট সক্ষম দম্পতি সংখ্যা ১৩৬৩৯১ এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.০৪%	লক্ষ্যমাত্রা অনুযায়ী পদ্ধতি গ্রহণকারীর হার বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
০২। মা ও শিশু স্বাস্থ্য সেবাঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মাজেদুর রহমান জানান বিগত মাসে বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভবতী মহিলাদের এএনসি সেবার সংখ্যা ৩০৯২ এবং নরমাল ডেলিভারীর সংখ্যা ২২।	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভবতী মহিলাদের এএনসি সেবা এবং নরমাল ডেলিভারীর সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারজানা ইয়াছমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কমিটি

জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং-উপপ/সদর/জাম/২০২২/১৮৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর

৩। জনাব-----ও সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি, জামালপুর সদর, জামালপুর।

৪। অফিস কপি।

তারিখ: ১৬/০৮/২০২২খি:

(মাজেদুর রহমান)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কমিটি

জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট "ক"

১৬/০৮/২০২২ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

ক্রমঃ	সদস্যদের নাম	পদবী
০১	ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, জামালপুর	সভাপতি
০২	ডাঃ উত্তম কুমার সরকার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, জামালপুর	সদস্য
০৩	মোঃ আলম আলী, চেয়ারম্যান, ০২ নং শরীফপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৪	মোঃ নাজমুল হক, চেয়ারম্যান, ১৩নং মেঠা ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	খন্দকার মোহাম্মদ ফজলুল হক, চেয়ারম্যান, ১৫নং রশিদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৬	মাজেদুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর।	সদস্য সচিব